**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
প্রশাসন ও সংস্থাপন শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.tmed.gov.bd

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪০.১১.০০১.২৫.**৩৪১**

তারিখঃ ৯ বৈশাখ ১৪৩৩ / ২২ এপ্রিল ২০২৬

# বিজ্ঞপ্তি

**বিষয়: কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের জনবল নিয়োগের নিমিত্ত অফিস সহায়ক পদে অপেক্ষমাণ তালিকা হতে নির্বাচিত ০১ (এক) জন প্রার্থীর পুলিশ ভেরিফিকেশন ফরম পূরণপূর্বক জমা প্রদান।**

শিক্ষা মন্ত্রণালয় এর কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের ২১-০৪-২০২৬ তারিখের ৫৭.০০.০০০০.০৪০.০০১.২৫.৩৩৮ সংখ্যক স্মারকে অফিস সহায়ক পদে অপেক্ষমাণ তালিকা হতে প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীকে পুলিশ ভেরিফিকেশন ফরম পূরণপূর্বক **৩০ এপ্রিল ২০২৬** তারিখের মধ্যে অফিস চলাকালীন (সকাল ১০:০০ টা থেকে বিকাল ০৪:০০ টা পর্যন্ত) স্ব-শরীরে উপস্থিত হয়ে **ভবন নং-৬, কক্ষ নং- ১৬১৫, ১৬তম ফ্লোর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা**-এ জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো।

০২। উল্লেখ্য, ২ (দুই) কপি পুলিশ ভেরিফিকেশন ফরম-এর সাথে সংযুক্তি হিসেবে মৌখিক পরীক্ষায় জমাদানকৃত সকল কাগজপত্র সহ ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশনের মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্র এবং চারিত্রিক সনদপত্র জমা দিতে হবে।

**সংযুক্তি: পুলিশ ভেরিফিকেশন ফরম।**

22/04/2026

হাছিনা আক্তার
যুগ্মসচিব
ও
সদস্য-সচিব
বিভাগীয় নির্বাচন কমিটি
☎: ০২-৫৫১০০৪১৬

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
## পুলিশ প্রত্যয়ন বিবরণী ফরম

সমস্ত দফাগুলির সঠিক উত্তর লিপিবদ্ধ করার জন্য একজন দায়িত্বশীল অফিসার দরখাস্তকারীকে যথাযথভাবে প্রশ্ন করিবেন। কারণ কোন কিছু বাদ গেলে দেরী হওয়ার সম্ভাবনা থাকিতে পারে ও পরিচিতির ক্ষেত্রে বিভ্রান্তির সৃষ্টি হইতে পারে।

প্রার্থী যে পদে নিযুক্ত হইবেন সেই পদের নাম:

## প্রথম ভাগ (প্রার্থী নিজে পুরণ করিবেন)

১। **ডাক নাম থাকিলে তৎসহ পুরা নাম (স্পষ্টাক্ষরে) ও জাতীয়তা:**

২। **পিতার পুরা নাম ও চাকুরীতে থাকিলে পদের নাম এবং জাতীয়তা:**

৩। **স্থায়ী ঠিকানা (অর্থাৎ গ্রাম, ডাকঘর, থানা ও জেলা):**

৪। **বর্তমান বাসস্থানের ঠিকানা ও যোগাযোগ নম্বর:**

৫। **প্রার্থী যেইসব স্থানে বিগত পাঁচ বৎসরে, ছয় মাসের অধিক অবস্থান করিয়াছেন সেইসব স্থানের ঠিকানা:**

| ঠিকানা | তারিখ হইতে | তারিখ পর্যন্ত |
|---|---|---|
| | | |
| | | |
| | | |

৬। **জন্ম তারিখ (প্রার্থী মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় উত্তীর্ণ হইয়া থাকিলে উক্ত সার্টিফিকেট এর বয়স লিখিতে হইবে):**

৭। **(জন্ম স্থান গ্রাম, থানা, জেলা ইত্যাদি উল্লেখ করিতে হইবে):**

৮। **প্রার্থীর পনের বৎসর হইতে যেসব বিদ্যালয়ে ও মহাবিদ্যালয়ে অধ্যয়ন করিয়াছেন, সেই সব শিক্ষা প্রতিষ্ঠানের নাম ও বৎসর উল্লেখ পূর্বক শিক্ষাগত যোগ্যতা:**

| উত্তীর্ণ পরীক্ষা সমূহের নাম | বিদ্যালয়, মহাবিদ্যালয়, বিশ্ববিদ্যালয় ইত্যাদির নাম | রোল নং | উত্তীর্ণ হওয়ার সন | অর্জনকৃত বিভাগ/শ্রেণী |
|---|---|---|---|---|
| | | | | |
| | | | | |
| | | | | |

প্রার্থীকে শিক্ষাগত যোগ্যতার সনদ পত্রের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করিতে হইবে।

৯। **অফিসে বা ব্যবসায় প্রতিষ্ঠানে প্রার্থী পূর্বে চাকুরী করিয়া থাকিলে উহার পূর্ণ বিবরণ ও ঠিকানা এবং সেইগুলি পরিত্যাগের কারণ:**

| অফিস/ব্যবসায়/প্রতিষ্ঠান | তারিখ হইতে | তারিখ পর্যন্ত | পরিত্যাগের কারণ |
|---|---|---|---|
| | | | |
| | | | |

মুক্তিযোদ্ধা / শহীদ মুক্তিযোদ্ধার সন্তান হইলে তাহার পিতা বা মাতার মুক্তিযোদ্ধা সার্টিফিকেটের বিষয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী এবং প্রধান পৃষ্ঠপোষক ও প্রধান উপদেষ্টা বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কর্তৃক প্রতিস্বাক্ষরিত প্রত্যায়ন পত্র সঙ্গে দিতে হইবে।

মহিলা মুক্তিযোদ্ধার সন্তান হইলে তিনি যে মুক্তিযোদ্ধার সন্তান এ বিষয়ে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান / ওর্য়াড কমিশনার কর্তৃক প্রত্যায়ন পত্র সঙ্গে দিতে হেইবে।

বাংলাদেশ সেনাবাহিনীর অধীনে প্রার্থী পূর্বে চাকুরী করিয়া থাকিলে অব্যাহতি সার্টিফিকেট চাকুরীর মেয়াদ কি কি দায়িত্ব পালন করিয়াছেন এবং চরিত্র ও আচার ব্যবহার সম্পর্কিত রির্পোটের সংশ্লিষ্ট বিবরণ উল্লেখ্য করিতে হইবে।

বাংলাদেশ স্বাধীনতা সংগ্রামের মুক্তিযোদ্ধা হিসাবে কোন প্রার্থী পূর্বে কাজ করিয়া থাকিলে এই মর্মে উপযুক্ত কর্তৃপক্ষের সার্টিফিকেট সংগে দিতে হইবে।

টিকাঃ সংশ্লিষ্ট নিয়োগকারী কর্তৃপক্ষকে সুস্পষ্ট হইতে হইবে যে উল্লেখিত ভূতপূর্ব সামরিক বাহিনী কর্মচারীদের অব্যাহতি সার্টিফিকেট এবং ভূতপূর্ব মুক্তিযোদ্ধাদের সার্টিফিকেট সন্তোষজনক।

১০। **ফৌজদারী রাজনৈতিক বা অন্য কোন মামলায় গ্রেফতার, অভিযুক্ত বা দন্ডিত এবং নজরবন্দী বা বহিস্কার হইয়াছেন কিনা, হইয়া থাকিলে তারিখসহ পূর্ণ বিবরণ দিতে হইবে:**

১১। **নিকট আত্মীয়-স্বজনের কেহ অর্থাৎ ভাই, ভগ্নি, আপন চাচা, শ্বশুরের দিকের আত্নীয়-স্বজন বাংলাদেশ সরকারের চাকুরীতে নিযুক্ত থাকিলে, পদের নাম ও কর্মস্থান উল্লেখ পূর্বক বিবরণ:**

| আত্মীয় স্বজনের নাম | পদের নাম | কর্মস্থান |
|---|---|---|
| | | |
| | | |
| | | |

১২। **প্রার্থী যে শিক্ষা প্রতিষ্ঠানে সর্বশেষ অধ্যয়ন করিয়াছেন উহার প্রধানের নিকট হইতে একটি চরিত্রগত সার্টিফিকেট এই সঙ্গে দিতে হইবে।**

১৩। **প্রার্থীর চরিত্র ও পূর্ব পরিচয়ের সম্পর্কে সাক্ষ্য দিতে পারেন কিন্তু প্রার্থীর সহিত আত্মীয়তার সূত্রে আবদ্ধ নহেন এমন দুই ব্যক্তির ঠিকানাসহ নাম (সংসদ সদস্য, প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার, বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক, সিনিয়র লেকচারার ও বেসরকারী মহাবিদ্যালয়ের অধ্যক্ষ):**

| নাম | ঠিকানা |
|---|---|
| | |
| | |

১৪। **বিবাহিত বা অবিবাহিত (বিবাহিত হইলে বা বিবাহের প্রস্তাব থাকিলে কাহাকে বিবাহ করা হইয়াছে বা বিবাহ করার প্রস্তাব রহিয়াছে তাহার জাতীয়তা উল্লেখ করিতে হইবে):**

আমি শপথ পূর্বক বলিতেছি যে, উপরে প্রদত্ত বিবরণসমূহ আমার জানামতে সঠিক।

...................... প্রার্থীর স্বাক্ষর

......................................... দপ্তর প্রধানের সীল ও স্বাক্ষর

.....................................................................................................................................

# দ্বিতীয় ভাগ

**(জেলা স্পেশাল পুলিশ সুপারিনটেনডেন্ট / বাংলাদেশ স্পেশাল ব্রাঞ্চের ডেপুটি ইন্সপেক্টর জেনারেল অব পুলিশ পূরণ করিবেন)**

.......................................................................................................................................................................

আবেদনকারী মুক্তিযোদ্ধার / মহিলা মুক্তিযোদ্ধার সন্তান / সন্তান নয়

উপযুক্ত

নিম্নোক্ত কারণের জন্য অনুপযুক্তঃ

স্থানঃ-

তারিখঃ-

...........................................................

পুলিশ সুপারিনটেনডেন্ট, জেলা স্পেশাল ব্রাঞ্চ / ডেপুটি
ইন্সপেক্টর জেনারেল অব পুলিশ, স্পেশাল ব্রাঞ্চ, বাংলাদেশ।

টিকাঃ প্রত্যায়নে সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে কোন কিছু না পাওয়া গেলে জেলা স্পেশাল ব্রাঞ্চের পুলিশ সুপারিনটেনডেন্ট, বাংলাদেশ স্পেশাল ব্রাঞ্চ এর ডেপুটি ইন্সপেক্টর জেনারেল অব পুলিশ জবাবসহ ফরমটি প্রেরণকারী কর্তৃপক্ষের নিকট সরাসরি ফেরত পাঠাইবেন।

কিন্তু যদি সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে রেকর্ডে কোন তথ্য পাওয়া যায় তাহা হইলে জেলা স্পেশাল ব্রাঞ্চের পুলিশ সুপারিনটেনডেন্ট, বাংলাদেশ স্পেশাল ব্রাঞ্চের ডেপুটি ইন্সপেক্টর জেনারেল অব পুলিশের মাধ্যমে জবাবসহ এই ফরমটি প্রেরণকারী কর্তৃপক্ষের নিকট ফেরত পাঠাইবেন।

প্রতি স্বাক্ষরিত...........................
ডেপুটি ইন্সপেক্টর জেনারেল অব পুলিশ
স্পেশাল ব্রাঞ্চ, বাংলাদেশ।